

পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
পঞ্চায়েত শাখা, জেশপ বিল্ডিং,
৬৩, নেতাজী সুভাষ রোড, কলকাতা-১.

আদেশনামা

নং - ৪৯৯১। পি এন।ও।এক।ওসি-৭।২০০৩.

তাং- ১০.০৮.০৫.

সংশোধন - উত্তর পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ এর ১৬৩-ক ধারার (২) উপধারা অনুযায়ী প্রতিবৎসর জুলাই -আগষ্ট মাসে জিলা সংসদের বাৎসরিক অধিবেশন অনুষ্ঠিত করা অবশ্য কর্তব্য ।

এমতাবস্থায়, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর ২১২ ধারায় প্রাপ্ত ক্ষমতাবলে রাজ্যপাল এতদ্বারা এই রাজ্যের জিলা-সংসদগুলির ২০০৫ সালের অনুষ্ঠিতব্য বাৎসরিক সভা অনুষ্ঠানের জন্য সন্তোষসহকারে নির্দেশ জারি করছেন যে, রাজ্যের সকল জিলা পরিষদের অন্তর্ভুক্ত জিলা- সংসদের বাৎসরিক অধিবেশন আগামী ৩১ শে আগষ্ট, ২০০৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

জিলা পরিষদের কার্যালয়গুলি পৌর-এলাকার মধ্যে অবস্থিত হওয়ার কারণে রাজ্যপাল বিষয়টি বিবেচনা করে আরো নির্দেশ জারি করছেন যে জিলাসংসদের সভাগুলি পৌর এলাকার মধ্যে অনুষ্ঠিত হলেও তা বৈধ ও কার্যকরী বলে বিবেচিত হবে ।

রাজ্যপালের আদেশানুসারে,

মানবেন্দ্র নাথ রায়

সচিব, পশ্চিমবঙ্গ সরকার ।

নং ৪৯৯১।১(১১৫) পি এন।ও।এক।ওসি - ৭।১০৩.

তাং- ১০.০৮.০৫.

অনুলিপি জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য পাঠানো হল ।

- ১। মহাধ্যক্ষ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ ।
- ২। অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া ।
- ৩। যুগ্মসচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ ।
- ৪। কমিশনার -----ডিভিসন ।
- ৫। সভাপতি -----জিলা পরিষদ ।
- ৬। জেলাশাসক -----জেলা ।
- ৭। নির্বাহী আধিকারিক ----- জিলা পরিষদ ।
- ৮। অতিরিক্ত নির্বাহী আধিকারিক -----জিলা পরিষদ ।
- ৯। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক -----জেলা ।
- ১০। সচিব -----জিলা পরিষদ ।
- ১১। একান্ত সচিব, ভারপ্রাপ্ত মন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন ।

বিশেষ ভারপ্রাপ্ত আধিকারিক ও পদাধিকারবলে
উপসচিব । পশ্চিমবঙ্গ সরকার ।